গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং: ওএম-০১-ম/২০১৫/২১৮০ তারিখ: ১৪/০৫/২০১৯ খ্রি:

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ (উদ্ভব রীট পিটিশন নং-৫০৩৮/২০০৯) এর আলোকে বি.এড স্কেল প্রদান বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র : (১) অধ্যক্ষ, হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ,সাতক্ষীরা-এর স্মারক নং-হাজী ওয়াজেদ/২০১৯/১০,তারিখ: ২২/০৩/২০১৯ খ্রি.
(২) অত্র অধিদপ্তরের সারক নং-ওএম-০১-ম/২০১৫/৫১৬৯/০৯, তারিখ ১৪/০৫/২০১৭ খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/আইন সেল (রীট)-৬/সাতক্ষীরা/২০০৯/৪৬, তারিখ: ২৮/০১/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নাজিরুল ইসলাম, অধ্যক্ষ, হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ, সুলতানপুর, সাতক্ষীরা গং (২৩ জন) বেসরকারি কলেজ হতে বি.এড সার্টিফিকেট অর্জনের প্রেক্ষিতে বি.এড স্কেল প্রদান সংক্রান্ত বিষয়ে সরকারের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ দায়ের করেন। উক্ত রিট মামলার ১১/০৭/২০১৩ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-৯৯/২০১৪ দায়ের করা হয়। উক্ত আপীল মামলার ০৮/০৮/২০১৬ খ্রি. তারিখের রায় সরকারের বিপক্ষে ঘোষিত হয়। মূল মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় বাদী পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ দায়ের করেন।

এ প্রেক্ষিতে মূল মামলায় বাদীগণের প্রতিষ্ঠান (২৩ টি.টি. কলেজের তালিকা সংযুক্ত) হতে বি.এড সনদ অর্জিত শিক্ষকগণের বি.এড স্কেল প্রদানের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত-৩ স্মারকপত্রের মাধ্যমে এ অধিদপ্তর-কে নির্দেশনা প্রদান করা হয়। এ প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের সূত্রোক্ত-২ স্মারকপত্রের মাধ্যমে বিষয়টি সংশ্লিষ্ট সকল আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের অবহিত করা হয়। কিন্তু উক্ত পত্র-কে উপেক্ষা করে বর্ণিত ২৩(তেইশ)টি টিচার্স ট্রেনিং কলেজ-এর বাইরেও অন্য কোন টিচার্স ট্রেনিং কলেজ থেকে অর্জিত সনদের বিপরীতে বিএড স্কেল প্রদান করা হচেছ। এতে বড় অংকের সরকারি আর্থিক ক্ষতি হচ্ছে।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ের আলোকে অত্র দপ্তরের সূত্রোক্ত-২ পত্রের সঙ্গে সংযুক্ত ২৩(তেইশ)টি টিচার্স ট্রেনিং কলেজের বাইরে অন্য কোন টিচার্স ট্রেনিং কলেজ থেকে অর্জিত সনদের বিপরীতে বি.এড স্কেল প্রদান না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং ইতোমধ্যে প্রদান করা হয়ে থাকলে তার তথ্যাদি এ অধিদপ্তরে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

( দূর্গা রানী সিকদার )
সহকারী পরিচালক (মাধ্য.-২)
ফোন: ৪১০৫০১১৮

উপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
(সকল অঞ্চল)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, **শিক্ষা মন্ত্রণালয়,** বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। শিক্ষা কর্মকর্তা (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা **অধিদপ্তর, বাংলাদেশ**, ঢাকা।
০৩। সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক **ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**, বাংলাদেশ, ঢাকা (সংলগ্নিসহ পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। জেলা শিক্ষা অফিসার, (সকল)।
০৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।
০৬। সভাপতি, ........................................বিদ্যালয়, (সকল)।
০৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .............................বিদ্যালয়, (সকল)।
০৮। জনাব.........................................................................
০৯। পিএটু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আইনসেল
পরিবহণ পুল ভবন (৮ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.moedu.gov.bd

শেখ হাসিনার বাংলাদেশ''

নং-শিম/আইনসেল (রীট)-৬/সাতক্ষীরা/২০০৯/৪৬

তারিখঃ ১৫ মাঘ ১৪২২ / ২৮ জানুয়ারি ২০১৬

বিষয়: রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ থেকে উদ্ভুত কনটেম্পট মামলা নং-১৫৩/২০১৪ এর পরিপ্রেক্ষিতে রায় বাস্তবায়ন।

সূত্র: (১) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩এম-৩৮-ম/২০১৫/১৩৪৮৪, তারিখ: ২৮/১২/২০১৫ খ্রি:।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র সংখ্যা-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৮.১৪.১৪৬, তারিখ: ০৪/৩/২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ নাজিবুল ইসলাম, অধ্যক্ষ, হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ, সুলতানপুর, সাতক্ষীরা গং (২৩ জন) কর্তৃক সরকারের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫০৩৮/২০০৯ দায়ের করা হয়। উক্ত রিট মামলার ১১/৭/২০১৩ খ্রি: তারিখের রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক আপীল নং-১১/২০১৪ মামলা দায়ের করা হয়। আপীল মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে। মূল রিট মামলার ১১/৭/২০১৩ খ্রি: তারিখের আদেশ বাস্তবায়ন না হওয়ায় বাদীগণ কর্তৃক বিবাদীগণের বিরুদ্ধে কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ দায়ের করা হয়। অত:পর রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ মামলার রায়ের পরিপ্রেক্ষিতে সূত্র (২) মূলের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/৫/২০০৮ তারিখের শিম/শাঃ-১১/১৯-২(এমপিও)/২০০৭/৭৫৭ সংখ্যক স্মারকমূলে জারিকৃত পরিপত্রের কার্যক্রম আপীল শুনানির পরবর্তী তারিখ পর্যন্ত (অথবা পরবর্তিতে শুনানিঅন্তে এবিষয়ে মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক) স্থগিত রাখায় মূল রিট মামলার বাদীগণের প্রতিষ্ঠান (তালিকা সংযুক্ত) হতে বি.এড সনদ অর্জিত শিক্ষকগণের বি.এড স্কেল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ মামলা হতে উদ্ভুত কনটেম্পট পিটিশন নং-১৫৩/২০১৪ মামলার পরিপ্রেক্ষিতে মূল রিট মামলার রায়ের আলোকে মন্ত্রণালয়ের ১৫/৫/২০০৮ তারিখের শিম/শাঃ-১১/১৯-২ (এমপিও)/২০০৭/৭৫৭ সংখ্যক স্মারকমূলে জারিকৃত পরিপত্রের কার্যক্রম আপীল শুনানির পরবর্তী তারিখ পর্যন্ত (অথবা পরবর্তিতে শুনানিঅন্তে এবিষয়ে মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক) স্থগিত রাখায় মূল রিট মামলার বাদীগণের প্রতিষ্ঠান (তালিকা সংযুক্ত) হতে বি.এড সনদ অর্জিত শিক্ষকগণের বি.এড স্কেল প্রদানের কার্যকর পদক্ষেপ গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এতে মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

সংযুক্তি: বর্ণনামতে- ০১ (এক) পাতা।

(ডা. মো. ফারুক হোসেন)
আইন কর্মকর্তা (যুগ্ম-সচিব)
ফোনঃ ৯৫৬৩৫১৬

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ডবাজার, গাজীপুর (দৃঃ আঃ- রেজিস্ট্রার)।
২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ [redacted] সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ [redacted]
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ [redacted] ঢাকা।
৫-১৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/কুমি [redacted] /বরিশাল/রংপুর/খুলনা/রাজশাহী অঞ্চল।
১৪। জেলা শিক্ষা অফিসার----------------- (সকল)।
১৫। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত [redacted] মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। জনাব মো: নাজিবুল ইসলাম, অধ্যক্ষ, হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ, সুলতানপুর, সাতক্ষীরা।

F:\Sirajul\Alam\ cmc\1272- doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩এম-০১-ম/২০১৫/ ৫১৬৯/০৯

তারিখ: ১৪/০৫/২০১৭ খ্রি:

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারকপত্র মোতাবেক রিট পিটশন নং-**৫০৩৮/২০০৯ থেকে** উদ্ভুত কনটেম্পট মামলা নং-১৫৩/২০১৪ এর পরিপ্রেক্ষিতে রায় বাস্তবায়ন সংক্রান্ত পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণের **নিমিত্তে ২৩টি** কলেজের নামের তালিকাসহ অত্র দপ্তরের স্মারক নং-৩এম/৩৮-ম/২০১৫/১৪৩২/৮, তারিখ: ২৫/০২/২০১৬ পত্রটি সংশোধন সংক্রান্ত।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[ দৃ:আ: আইন কর্মকর্তা (যুগ্মসচিব), আইন সেল, শিক্ষা মন্ত্রণালয় ]
০২। উপপরিচালক (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
০৪। প্রোগ্রামার, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৫। জেলা শিক্ষা অফিসার, (সকল)।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)।
০৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, (সকল)।
০৮। পিএস টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৯। সংরক্ষণ নথি।

( দূর্গা রানী সিকদার )
সহকারী পরিচালক (মাধ্য.-২)
ফোন: ৯৫৫৬০৩৭

রিট পিটিশন নং-৫০৩৮/২০০৯ মামলায় বাদীগণের প্রতিষ্ঠানের নামের তালিকা

| ক্রমিক নম্বর | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ০১ | হাজী ওয়াজেদ আলী টিচার্স ট্রেনিং কলেজ, সুলতানপুর, সাতক্ষীরা। |
| ০২ | পিরোজপুর টিচার্স ট্রেনিং কলেজ, পিরোজপুর। |
| ০৩ | বগুড়া বি.এড কলেজ, বগুড়া। |
| ০৪ | জয়পুরহাট বি.এড কলেজ, জয়পুরহাট। |
| ০৫ | পরশপাথর শিক্ষক প্রশিক্ষণ কলেজ, বন্দর, চট্টগ্রাম। |
| ০৬ | দক্ষিণবঙ্গ টিচার্স ট্রেনিং কলেজ, বন্দর, পটুয়াখালী। |
| ০৭ | কলেজ অব এডুকেশন বি.এড, নর্থ আমাতনগঞ্জ, বরিশাল। |
| ০৮ | কুমিল্লা এডুকেশন রিসার্চ সেন্টার, দক্ষিণ ঠাকুরপাড়া, লাকসার রোড, কুমিল্লা। |
| ০৯ | সিটি টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম। |
| ১০ | ন্যাশনাল টিচার্স ট্রেনিং কলেজ, চট্টগ্রাম। |
| ১১ | হাজীগঞ্জ আইডিয়াল কলেজ অব এডুকেশন, হাজীগঞ্জ, চাঁদপুর। |
| ১২ | কলেজ অব এডুকেশন রিসার্চ এন্ড ট্রেনিং, বিজয়নগর, |
| ১৩ | আমিরুল ইসলাম কাগজী টিচার্স ট্রেনিং কলেজ, পাইকগাছা, খুলনা। |
| ১৪ | মহানগর টিচার্স ট্রেনিং কলেজ, ১৮৬/এ, নিউ পল্টন লাইন, আজিমপুর, ঢাকা। |
| ১৫ | মুন্সী মেহেরউল্লাহ টিচার্স ট্রেনিং কলেজ, ২৫৩, বিমানবন্দর সড়ক, যশোর। |
| ১৬ | মাগুরা টিচার্স ট্রেনিং কলেজ, মাগুরা সদর, এডি একাডেমি, মাগুরা। |
| ১৭ | যশোর টিচার্স ট্রেনিং কলেজ, পালবাড়ি, মুর্তির মোড়, যশোর। |
| ১৮ | উপশহর টিচার্স ট্রেনিং কলেজ, পালবাড়ী, যশোর। |
| ১৯ | সরোয়ার খান টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা। |
| ২০ | মঠবাড়িয়া টিচার্স ট্রে[redacted] কলেজ, পিরোজপুর। |
| ২১ | কক্সবাজার টিচার্স ট্রে[redacted]পাড়া লিংক, কক্সবাজার। |
| ২২ | সেকান্দার টিচার্স ট্রেনি[redacted], চাঁদপুর। |
| ২৩ | ডঃ মিয়া আব্বাস উদ্দী[redacted] কলেজ, বাগেরহাট। |

মোঃ ফারুক হোসেন
আইন কর্মকর্তা (যুগ্ম-সচিব)
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আব্দুল কুদ্দুস
প্রশাসনিক কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা